84

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩০

তারিখ 05 AUG 1988
পৃষ্ঠা 7 কলাম 6

# ছাত্রের জীবন রক্ষায় সাহায্যের আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের শেষ বর্ষের ছাত্র মোঃ এনায়েত করিম এখন পিজি হাসপাতালের সি ব্লকের ৭ নম্বর ওয়ার্ডে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন। তাঁর দুটি কিডনীই নষ্ট হয়ে গেছে।

ছোটবেলা থেকেই একজন কৃতী ও মেধাবী ছাত্র এনায়েত করিমের বাড়ি বরিশালের বেতাগী উপজেলায়। অর্থাভাবে তিনি তার রোগের চিকিৎসা করাতে পারছেন না।

শহীদুল্লাহ হল ছাত্র সংসদের সহ-সভাপতি মোঃ রোকনুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ মাঈন উদ্দীন গতকাল এক বিবৃতিতে এই মেধাবী ছাত্রের জীবন রক্ষার্থে এগিয়ে আসার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন, সরকার এবং বিত্তবানদের প্রতি আহবান জানিয়েছেন। সাহায্যের জন্য সকলকে প্রভোস্ট শহীদুল্লাহ হল, ঢাকা বিশ্ববিদ্যালয় ফোনঃ ৫০০৬৪৫ এ ঠিকানায় যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে।